দৈনিক ইত্তেফাক

31 MAY 2017

# এসএসসিতে ঢাকা বোর্ডের ১৬৭৮ জনের ফল পরিবর্তন

■ ইত্তেফাক রিপোর্ট

এসএসসি ও সমমানের পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণের ফলাফল গতকাল মঙ্গলবার প্রকাশিত হয়েছে। স্ব-স্ব শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এই ফল প্রকাশ করা হয়েছে। ঢাকা শিক্ষা বোর্ডে ১ হাজার ৬৭৯ জনের ফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাস করেছে ২০৫ জন। আর নতুন করে জিপিএ-৫ পেয়েছে ২৭০ জন পরীক্ষার্থী।

ঢাকা শিক্ষা বোর্ড সূত্র জানায়, এসএসসির ফল প্রকাশের পর ঢাকা বোর্ডের ৫৫ হাজার ৩৩০ শিক্ষার্থী ফল পুনঃনিরীক্ষণের আবেদন জানায়। এসব শিক্ষার্থী মোট ১ লাখ ৩১ হাজার ২২টি পৃষ্ঠা ২ কলাম ৪

## এসএসসিতে ঢাকা

২০ পৃষ্ঠার পর

পত্রের ফল পুনঃনিরীক্ষণ চেয়ে আবেদন জানায়।

এদিকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষায় ২৬৭ জনের ফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাস করেছে ১১৩ জন। আর নতুন করে জিপিএ ৫ পেয়েছে ২৭ জন। এই বোর্ডে ২৩ হাজার ৫০৭ শিক্ষার্থী ফল পরিবর্তনের আবেদন করেছিলো।

গত ২৬ মে একাদশ শ্রেণিতে ভর্তি আবেদন নেওয়া শেষ হলেও যাদের ফল পরিবর্তন হয়েছে তারা গতকাল ও আজ বুধবার তাদের পছন্দক্রম পরিবর্তন করতে পারবেন। ৫ জুন প্রথম পর্যায়ের ফল প্রকাশিত হবে।

চলতি বছর সারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয় ১৪ লাখ ৩১ হাজার ৭২২ জন। এরমধ্যে জিপিএ-৫ পায় ১ লাখ ৪ হাজার ৭৬১ জন। আর ঢাকা বোর্ডে পাস করে ৩ লাখ ৮৮ হাজার ৫৪০ জন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে